**প্রশ্নঃ ১৮৯.** জামায়াতে তিন রাকাত নামাজ পেলে তারপর সালাম ফিড়িয়ে মনোযোগ অন্য দিকে চলে গেলে , বাকি এক রাকাতের জন্য কি নতুন করে নিয়ত করে চার রাকাত আদায় করতে হবে নাকি অন্য বিধান আছে?

মাসবুক ব্যক্তি যদি ভুলবশত ইমামের সাথে বা ইমাম সালাম ফেরানোর পূর্বে সালাম ফিরিয়ে ফেলে  এবং নামায ভেঙে যায় এমন কোনো কাজ না করা হয় তাহলে দেরি না করে সাথে সাথে দাঁড়িয়ে যাবে এবং বাকী রাকাত আদায় করবে। এক্ষেত্রে সাহু সিজদা দিতে হবে না। যদি ইমামের সালাম ফিরানোর পর দেরি করে সালাম ফিরায় তবে সাহু সিজদা দিতে হবে। আর যদি উক্ত মাসবুক মনে করে যে, ইমামের সাথে সালাম ফিরাতে হবে তাই সে ইচ্ছা করেই সালাম ফেরায় তাহলে নামাজ নষ্ট হয়ে যাবে। **(□□ □□□□□□□ □□□□□□ □/□□□)**

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন: